

“শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর
সিলেট

“কৈশোরকে অবহেলা নয়
ওরাই করবে বিশ্বজয়”

স্মারক নং -৩২.০১.৯১০০.০০০.০৩.০০১.১৯-

১৩০

তারিখ:

১২/১১/২৩

বিষয়: কিশোর-কিশোরী ক্লাবে সহযোগিতা প্রদান করার জন্য একজন দপ্তরী মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: ৩২.০১.০০০০.০০৩.০২.০৫৮.২৩-৩৯১ তারিখ: ৩১/১০/২০২৩খ্রি:


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে উল্লেখ করা যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের অধীনে আপনার বিদ্যালয়ে কিশোর-কিশোরী ক্লাবটি সূনামের সহিত কাজ করে যাচ্ছে। এই ক্লাবের কার্যক্রম শুক্র ও শনিবার পরিচালিত হয়ে থাকে। ক্লাব চলাকালীন সময়ে সার্বিক সহযোগিতা করার জন্য আপনার বিদ্যালয় থেকে একজন দপ্তরীকে মনোনীত করে নিম্নোক্ত ছকে তথ্য প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক নং	মনোনয়নকৃত দপ্তরীর নাম	পিতার নাম	মাতার নাম	ঠিকানা	এনআইডি নাম্বার	মোবাইল নাম্বার(হোয়াটস আপ)

শর্তাবলী:

- ১। প্রতি সপ্তাহে দুই দিন ক্লাব কার্যক্রম সম্পন্ন করতে রুমের দরজা জানালা খুলতে হবে ক্লাস শুরু হওয়ার ২০ মিনিট পূর্বে এবং ক্লাস শেষ হবার পর দরজা, জানালা বন্ধ করতে হবে।
- ২। ক্লাব কক্ষটি পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে এবং প্রয়োজনে ক্লাব সদস্যদের ওয়াশরুম ব্যবহারের সুযোগ করে দিতে হবে।
- ৩। ক্লাবের মালামালের নিরাপত্তা প্রদান করবেন।
- ৪। যে কোন সমস্যা পরিলক্ষিত হলে ক্লাব সংশ্লিষ্ট শিক্ষকের সাথে যোগাযোগ করবেন।
- ৫। অসুস্থতা বা যে কোন সমস্যার কারণে ক্লাব খুলতে সমস্যা হলে উক্ত দিনে বিকল্প ব্যবস্থা করবেন।

উল্লেখ্য যে, প্রকল্প অফিস থেকে বরাদ্দ প্রাপ্তির সাপেক্ষে দপ্তরীকে প্রতি মাসে ৫০০/- (পাঁচশত টাকা মাত্র) সম্মানী প্রদান করা হবে।


(শাহিনা আক্তার)
উপপরিচালক
মহিলা বিষয়ক অধিদপ্তর
সিলেট।

প্রধান শিক্ষক

.....বিদ্যালয়
.....সিলেট

সদয় জ্ঞাতার্থে/অনুলিপি:

- ১। প্রকল্প পরিচালক, কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট
- ৩। ফিল্ড সুপারভাইজার, কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প, সিলেট।